দৈনিক ইত্তেফাক

4

তারিখ ... SEP. 09 199? ...
পৃষ্ঠা ১০ কলাম ৪......

# বৃত্তি ▶ দেশেই আছে অনেক সুযোগ



বিদেশী বৃত্তিই নয়, দেশের বৃত্তির জন্যও আবেদন করতে পারেন।

সিরাজদিখান শিক্ষা ট্রাস্টঃ- সিরাজদিখান শিক্ষা ট্রাস্ট বৃত্তির জন্য আবেদনপত্র পাঠানোর তারিখ প্রতিবছর ৩১ নভেম্বর পর্যন্ত। তবে এটির জন্য আবেদন করতে পারবে শুধু মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান থানার দরিদ্র, মেধাবী ও শৃংখলাবোধসম্পন্ন ছাত্র-ছাত্রীরা। নিয়মাবলী-মাধ্যমিক পর্যায় থেকে স্নাতকোত্তর পর্যায়ের গরীব মেধাবী ছাত্ররা আবেদন করতে পারবে। আবেদনপত্রে আবেদনকারী স্বহস্তে নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শ্রেণী, রোল নং, পিতা/অভিভাবকের বার্ষিক আয়, বিগত বছরের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি ও ইউপি চেয়ারম্যানের প্রত্যায়নপত্র সংযোজন করতে হবে। যোগাযোগ-এস,এম মাহফুজুল হক, সদস্য সচিব, সিরাজদিখান শিক্ষা ট্রাস্ট ও সহকারী কমিশনার (ভূমি) সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

সিলেট জেলা পরিষদ বৃত্তিঃ- সিলেটের যেসব ছাত্র-ছাত্রী বিভিন্ন স্থানে পড়াশোনা করছে তাদের জন্য এ বৃত্তি। এ বৃত্তির টাকা এককালীন প্রদান করা হয়। শুধু সিলেটের অধ্যয়নরত ছাত্র-ছাত্রী প্রতিষ্ঠান প্রধানের সুপারিশে আবেদন করতে পারেন। যোগাযোগ-সচিব, জেলা পরিষদ, সিলেট।

গাইবান্ধা ফাউন্ডেশন বৃত্তিঃ-এ জেলায় ও জেলার বাইরে অধ্যয়নরতদের এ বৃত্তি। কর্তৃপক্ষের অনুমোদিত 'আবেদনপত্রে আবেদন করতে হবে।' আবেদনপত্র পাওয়া যায় জেলা প্রশাসকের কার্যালয়ে। বিস্তারিত যোগাযোগ-সচিব গাইবান্ধা ফাউন্ডেশন ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গাইবান্ধা।

যশোর শিক্ষা ট্রাস্টঃ- যশোর শিক্ষা ট্রাস্ট বৃত্তির জন্য এ জেলার ছাত্র-ছাত্রীরাই আবেদন করতে পারে। আবেদনপত্র অবশ্যই শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে করতে হয়। এ বৃত্তি স্কুল পর্যায় থেকে স্নাতক পর্যায় পর্যন্ত। আবেদনপত্র পাঠানোর ঠিকানা সভাপতি,যশোর শিক্ষা ট্রাস্ট ও জেলা প্রশাসক, যশোর।

জালালাবাদ এসোসিয়েশ শিক্ষা বৃত্তিঃ- সিলেটের যেসব ছাত্র-ছাত্রী বিভিন্ন জেলায় কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে তাদের জন্য এ বৃত্তি। জালালাবাদ এসোসিয়েশন বৃত্তির পাশাপাশি অন্যান্য শিক্ষা সহযোগী কার্যক্রমও পরিচালনা করে থাকে। যেসব তরুণ-তরুণী বিসিএস পরীক্ষা নিতে ইচ্ছুক তাদের জন্য রেখেছে ওরিয়েন্টশন ক্লাস। অংশগ্রহণকারীদের গাইড ও ফরম ফিলাপ ফি ফ্রি দিয়ে থাকে। জালালাবাদ এসোসিয়েশন দরিদ্র অথচ মেধাবীদের এককালীন এক হাজার টাকা প্রদান করে থাকে। যোগাযোগ সাধারণ সম্পাদক, জালালাবাদ শিক্ষা ট্রাস্ট, জালালাবাদ এসোসিয়েশন, ২২, কাওরান বাজার, ঢাকা।

ঢাকাস্থ চট্টগ্রাম সমিতিঃ- চট্টগ্রাম সমিতি ও অন্যান্য সমিতির মতো বৃত্তি প্রদান করে থাকে নিজেদের জেলার ছাত্র-ছাত্রীদের। এ বৃত্তি পেয়ে থাকে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরতা, প্রতিবছর ৫৫ জনকে এ বৃত্তি প্রদান করা হয়। বৃত্তির পরিমাণ মাসে কলেজ পর্যায়ে ৩শ টাকা, বিশ্ববিদ্যালয় পর্যায় ৪শ' টাকা। মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং-এ অধ্যায়নারতদের ৫শ' টাকা। সমিতির নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। যোগাযোগ-সচিব, চট্টগ্রাম সমিতি, ২২ তোপখানা রোড, ঢাকা।

চট্টগ্রাম জেলা পরিষদ শিক্ষা বৃত্তিঃ- চট্টগ্রাম জেলা পরিষদ প্রতিবছর স্ব জেলার ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান করে থাকে। দেশের বিভিন্ন স্থানে অধ্যয়নরতদের জন্য বৃত্তির আবেদনের জন্য বিজ্ঞপ্তি পাঠানো হয়ে থাকে। কলেজ, বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও কারিগরি শিক্ষা কলেজ এ বৃত্তির আওতাভুক্ত। যোগাযোগ-সচিব, জেলা পরিষদ, চট্টগ্রাম। সেনাকল্যাণ সংস্থা বৃত্তি এই তরুণকণ্ঠ পাতায় গত ১২ আগষ্ট তারিখে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে। ❑ শফিক কলিম